# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

**National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)**

**Registration No-190/18, 1984-85.**

**Head Office:** House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000
Mobile: +8801711339297, E-mail:admin@nascib.org; ceo@nascib.org; Website: https://nascib.org


স্মারক নম্বর: নাসিব/প্রধান কার্যালয়/প্রশাসনিক কার্যক্রম সংক্রান্ত-২০২৬/০১/ তারিখ: ২৭ আষাঢ় ১৪৩৩
১২ জুলাই ২০২৬ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)-সংশ্লিষ্ট সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৭ জুলাই ২০২৬ ইং তারিখ রোজ মঙ্গলবার "আবদুস সালাম হল" (তৃতীয় তলা) জাতীয় প্রেস ক্লাব, ১৮ তোপখানা রোড, ঢাকা-১০০০ বেলা ০৩:০০ ঘটিকায় **নাসিব কেন্দ্রীয় নির্বাচন-২০২৬** উপলক্ষে নির্বাচন সংক্রান্ত কার্যক্রম অবহিতকরণ ও মতামত গ্রহণ সম্পর্কিত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সদস্যদের মতামত, বাণিজ্য সংগঠন আইন এবং এতদসংশ্লিষ্ট বিধিমালা ও সংগঠনটির সংঙ্গবিধি ও সঙ্ঘস্মারক এর আলোকে ২০২৫-২০২৬ অর্থবছরের সদস্যপদ নবায়ন, নতুন সদস্য অন্তর্ভুক্তি এবং হালনাগাদকৃত সদস্য তালিকা তৈরীর লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে—

১। নাসিবের সকল জেলা ও মহানগর শাখার হালনাগাদকৃত পূর্ণাঙ্গ সদস্য তালিকার জন্য ৩০ জুলাই ২০২৬ তারিখের পরিবর্তে ২০ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হলো।

২। যেসব সদস্য ইতোমধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের সদস্যপদ নবায়নের ৩০% কেন্দ্রীয় অংশ কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করেছেন, তাদেরকে ২০২৫-২০২৬ অর্থবছরের সদস্যপদ নবায়নের জন্য ***বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫*** অনুযায়ী নির্ধারিত **বার্ষিক চাঁদা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা** সরাসরি নাসিবের ব্যাংক হিসাবে জমা প্রদান করতে হবে এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে নাসিবের অফিসিয়াল ওয়েবসাইটে (https://nascib.org/) নাসিব সকল জেলা ও মহানগর শাখার আবেদন লিংকের মাধ্যমে সদস্যপদ নবায়নের আবেদন করতে হবে।

৩। যেসব সদস্যের ২০২৪-২০২৫ বা পূর্ববর্তী অর্থবছরের বার্ষিক চাঁদা বকেয়া রয়েছে, তারা নাসিবের ওয়েবসাইটে ২৪ জুন ২০২৬ তারিখে প্রকাশিত নির্দেশনা অনুযায়ী সকল বকেয়া চাঁদা নাসিবের ব্যাংক হিসাবে জমা প্রদান করবেন এবং সর্বশেষ সদস্যপদ প্রমাণক (চাঁদা রশিদ/মেম্বারশিপ সার্টিফিকেট) সংযুক্ত করে অনলাইনে সদস্যপদ নবায়নের আবেদন করবেন।

৪। যেসব নিবন্ধিত সদস্য সর্বশেষ সদস্যপদ প্রমাণক (চাঁদা রশিদ/মেম্বারশিপ সার্টিফিকেট) দাখিল করতে ব্যর্থ হবেন অথবা তাদের পূর্ববর্তী সদস্যপদ যাচাই করা সম্ভব না হলে নতুন সদস্য হিসেবে আবেদন করতে হবে। সেক্ষেত্রে ***বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫*** অনুযায়ী **এককালীন ভর্তি ফি ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং বার্ষিক চাঁদা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, সর্বমোট ২০,০০০/- (বিশ হাজার)** টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমা প্রদান করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ওয়েবসাইটে আবেদন করতে হবে।

৫। আসন্ন **নাসিব কেন্দ্রীয় নির্বাচন-২০২৬** উপলক্ষ্যে সুষ্ঠু, নির্ভুল ও হালনাগাদ ভোটার তালিকা প্রণয়নের জন্য ২০২৫-২০২৬ অর্থবছরের সদস্যপদ নবায়নের আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে এবং বকেয়া চাঁদা সরাসরি ব্যাংক হিসাবে জমা করতে হবে।


৬। প্রশাসকের অনুমতি ব্যতীত জেলা ও মহানগর শাখা কার্যালয়/ অনুমোদিত কমিটি/ সভাপতি/ আহবায়ক/ অন্য যেকোন নিবন্ধিত সদস্য/ দায়িত্বপ্রাপ্ত সদস্য বা কর্মকর্তা-কে কোন প্রকার চাঁদা আদায়ের রশিদ/প্রাপ্তি রশিদ এবং মুদ্রিত সদস্যপদ সনদ (Membership Certificate) ইস্যু না করার জন্য অনুরোধ করা হল। পাশাপাশি নতুন করে কোন প্রকার চাঁদা আদায়ের রশিদ/প্রাপ্তি রশিদ এবং মুদ্রিত সদস্যপদ সনদ (Membership Certificate) প্রদান করা হবে না। সকল সদস্যকে সরাসরি নাসিব ওয়েবসাইট ব্যবহার করে অনলাইনে আবেদন, নির্ধারিত ব্যাংক হিসাবে অর্থ জমা এবং প্রয়োজনীয় কাগজপত্র আপলোডের মাধ্যমে পূর্ণাঙ্গ আবেদন সম্পন্ন করতে হবে।


# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

**National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)**

**Registration No-190/18, 1984-85.**

**Head Office:** House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000
Mobile: +8801711339297, E-mail:admin@nascib.org; ceo@nascib.org; Website: https://nascib.org




শুধুমাত্র ই-সার্টিফিকেট অনলাইন হতে আবেদনের মাধ্যমে সংগ্রহ করার জন্য নির্দেশনা প্রদান করা হল। নির্বাচন পরবর্তী সময়ে যথারীতি নিয়মিত প্রক্রিয়ায় সাংগঠনিক কার্যক্রম অব্যাহত থাকবে।

৭। প্রয়োজনীয় তথ্য বা নিয়মিত আপডেট এর জন্য নাসিব দ্বিবার্ষিক নির্বাচন ২০২৬ হোয়াটস আপ গ্রুপ, নাসিব ওয়েবসাইট ও নাসিব ফেসবুক পেজ দেখার জন্য অনুরোধ রইল।

*ব্যাংক হিসাবের বিবরণী:

| | |
|---|---|
| ব্যাংকের নাম: | Pubali Bank PLC |
| শাখা: | Malibagh Branch, Dhaka |
| হিসাব নম্বর: | ০৭০৩৯০১০৩৮৪৯০ |
| হিসাবের নাম: | National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB) |

*নাসিবের অফিসিয়াল ওয়েবসাইটে (https://nascib.org/) মাধ্যমে https://district.nascib.org/apply এই লিংকে সরাসরি আবেদন করতে পারবেন।

| নতুন সদস্যপদ | সদস্যপদ নবায়ন |
|---|---|
| প্রয়োজনীয় কাগজপত্রঃ<br>১। যথাযথভাবে পূরণকৃত নাসিব সদস্যপদ আবেদন ফরম (অনলাইন)<br>২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি<br>৩। পাসপোর্ট সাইজ ছবি<br>৪।হালনাগাদ ট্রেড লাইসেন্স ২০২৫-২০২৬/ ২০২৬-২০২৭<br>৫। আয়কর রিটার্ন/পরিশোধ সনদ ২০২৫-২০২৬<br>৬।কোম্পানি ইনকর্পোরেশন সার্টিফিকেট (লিমিটেড কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য)<br>৭। মোবাইল নম্বর ও ই-মেইলসহ ভিজিটিং কার্ড<br>৮। বিআইএন / ভ্যাট নিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৯। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট / ব্যাংক স্টেটমেন্ট (ঐচ্ছিক) | প্রয়োজনীয় কাগজপত্রঃ<br>১। যথাযথভাবে পূরণকৃত নাসিব সদস্যপদ আবেদন ফরম (অনলাইন)<br>২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি<br>৩। পাসপোর্ট সাইজ ছবি<br>৪।হালনাগাদ ট্রেড লাইসেন্স ২০২৫-২০২৬/ ২০২৬-২০২৭<br>৫। আয়কর রিটার্ন/পরিশোধ সনদ ২০২৫-২০২৬<br>৬। কোম্পানি ইনকর্পোরেশন সার্টিফিকেট (লিমিটেড কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য)<br>৭। মোবাইল নম্বর ও ই-মেইলসহ ভিজিটিং কার্ড |
| এককালীন ভর্তি ফি ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং বার্ষিক চাঁদা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, সর্বমোট ২০,০০০/- (বিশ হাজার) | বার্ষিক চাঁদা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা |

২২/০৭/২০২৬

(মোছাঃ নারগিস মুরশিদা)
যুগ্মসচিব
বাণিজ্য মন্ত্রণালয় ও
প্রশাসক
জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

বিতরণঃ
১. সদস্য সকল, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)।